



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৭-১২-২০২০

## সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের স্কুল ফুটবল কমিটির ব্যবস্থাপনায় 'জাতীয় স্কুল ফুটবল টুর্নামেন্ট ২০১৯-২০' এর প্রাথমিক পর্যায়ে খেলা ৫৭টি জেলার ৫৭টি স্কুল ফুটবল দলের অংশগ্রহণে গত মার্চ ২০২০ মাসে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সিদ্ধান্ত মোতাবেক 'জাতীয় স্কুল ফুটবল টুর্নামেন্ট ২০১৯-২০' এর চূড়ান্ত পর্বের খেলা আগামী ১৮ ডিসেম্বর ২০২০ তারিখ হতে ঢাকায় পল্টন ময়দানস্থ আউটার স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। উক্ত খেলা সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি অবহিত করনের লক্ষ্যে অদ্য ১৭-১২-২০২০ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায় বাফুফে ভবনের ৩য় তলার কনফারেন্স রুমে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য যে, ২০০৮ সাল হতে অদ্যাবদি 'জাতীয় স্কুল ফুটবল টুর্নামেন্ট' এর ৬ টি আসর অনুষ্ঠিত হয়।

উক্ত প্রেস কনফারেন্সে উপস্থিত ছিলেন বাফুফে জাতীয় স্কুল ফুটবল কমিটির চেয়ারম্যান ও বাফুফে কার্যনির্বাহী সদস্য জনাব বিজন বড়ুয়া, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ এবং পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান আইএফআইসি ব্যাংকের হেড অফ কর্পোরেট কমিউনিকেশন এন্ড ব্যান্ডিং নায়লা তারান্নম চৌধুরী।

আগামীকাল ৩:০০ ঘটিকায় ১৮ ডিসেম্বর ২০২০ ছাগলনাইয়া পাইলট হাই স্কুল, ফেনী বনাম সূতী ভি.এম পাইলট সরকারী উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল এর মধ্যকার খেলার মাধ্যমে ফাইনাল রাউন্ডের খেলা অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাফুফের সিনিয়র সহ-সভাপতি জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি।

আহসান আহমেদ অমিত  
হেড অব মিডিয়া  
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।